

তারিখঃ ০৭/০১/২০১৮ (পৃঃ১৩)

ব্রি ও এসিআই লিমিটেডের মধ্যে সমঝোতা চুক্তি

কৃষি ও সম্ভাবনা ডেস্ক

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ও এসিআই লিমিটেডের মধ্যে সম্প্রতি একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির আওতায় ব্রি উদ্ভাবিত ব্রি হাইব্রিড ধান৫ ও ব্রি হাইব্রিড ধান৬ জাত দুটির পিতৃসারি, উর্বরতা সংরক্ষক ও মাতৃ সারির বীজ এসিআই লিমিটেডকে সরবরাহ করা হয়েছে। এই চুক্তির লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে মঠি পর্যায়ে ব্রি উদ্ভাবিত হাইব্রিড ধানের জাতসমূহকে জনপ্রিয় করা। সরকার কর্তৃক ঘোষিত পাবলিক প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে ব্রি কর্তৃক অবমুক্ত হাইব্রিড ধানের বীজ উৎপাদন প্রযুক্তি বিভিন্ন কোম্পানির মধ্যে বিনিময়ের মাধ্যমে দেশীয়



হাইব্রিড ধান সম্প্রসারণ করা। ড. মো. শাহজাহান কবীর, মহাপরিচালক, ব্রি ও ড. এফএইচ আনসারী, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা এসিআই লিমিটেড, নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষ থেকে সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।